

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১২/১১/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদস্য সচিব কে পাংশা উপজেলার মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিবেদনের মাধ্যমে জানান যে, ২০২১ শিক্ষাবর্ষে মাধ্যমিক বিদ্যালয়, দাখিল ও ইবতেদায়ী স্তরের সর্বমোট পাঠ্য পুস্তকের চাহিদা ৩৯৬৬৮০ কপি তন্মধ্যে উপজেলা পর্যায়ে সরবরাহ করা হয়েছে ৩৯৬৬৮০ কপি এছাড়াও আগামী ০১/১১/২০২১ খ্রিঃ তারিখ হতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ২০২২ এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অধীনে এসএসসি(ভোক) ও দাখিল (ভোক) নবম শ্রেণির বোর্ড ফাইনাল পরীক্ষা পাংশা উপজেলার বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।	১। মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে বিতরণকৃত পাঠ্যপুস্তকের আলোকে সকল বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। ২। মাদ্রাসা শিক্ষা কার্যক্রম / ইবতেদায়ী /কওমী মাদ্রাসা সমূহ ব্যাপক মনিটরিং-পরিদর্শন করতে হবে। ৩। নিয়মিত মাল্টিমেডিয়া ক্লাশরুম মনিটরিং, মেনটরিং অব্যাহত রাখতে হবে। ৪। বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জালাল উদ্দিন বিশ্বাস)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা।
তারিখঃ ১২/১১/২০২১

স্মারক নং- মাধ্যমিক শিক্ষা/পাংশা/২০২১- ৮০

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৫। উপজেলা নিবাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী, রাজবাড়ী।


উপজেলার মাধ্যমিক শিক্ষকা অফিসার
পাংশা, রাজবাড়ী।
তারিখঃ ১২/১১/২০২১